

## ছাত্রীদের আন্দোলনে অচল

### রংপুর রোকেয়া কলেজ

#### ● পরীক্ষা হয়নি

জেলা বার্তা পরিবেশক, রংপুর

রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজের অনার্স প্রথমবর্ষের ইংরেজি বিভাগের ১০৩ ছাত্রীর রেজিস্ট্রেশনের দাবিতে আন্দোলনরত ছাত্রীদের ধর্মঘটে অচল হয়ে পড়ছে সব কার্যক্রম। ছাত্রীরা কলেজের তিনটি ভবনে গতকাল ভাঙ্গা লাগিয়ে দেয়ার ভিডিও পাসকোর্সে বার্ষিক পরীক্ষা নিতে ব্যর্থ হয়েছে কলেজ কর্তৃপক্ষ। ছাত্রী ধর্মঘটের ৮ম দিনে শিক্ষকরা গতকাল সকাল ১০টায় ভিডিও বার্ষিক পরীক্ষা নিতে গেলে উন্নত বাধ সাধে ধর্মঘট ছাত্রীরা। তারা হুলস্থূল, একাত্তরিক ও প্রশাসনিক ভবনের কেচি গেটে ভাঙ্গা লাগিয়ে দিয়ে শিক্ষকদের চলে যেতে বলেন। এতে শিক্ষকদের সঙ্গে তাদের বাকবিতণ্ডা হয়। এক পর্যায়ে শিক্ষকরা পরীক্ষা না নিয়েই চলে আসে। ফলে গত ৮ দিন থেকে কলেজের শিক্ষা কার্যক্রম হ্রাস হয়ে পড়েছে।

কলেজ প্রশাসন জানায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি বেগম রোকেয়া কলেজের ২০১০-২০১১ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া ইংরেজি প্রথমবর্ষের ১৪০ ছাত্রীর মধ্যে মাত্র ৩৭ জনের রেজিস্ট্রেশন আসলেও ১০৩ ছাত্রীর রেজিস্ট্রেশন এখনও আসেনি। ফলে ১০৩ ছাত্রী আসন্ন প্রথমবর্ষের তাইনাদ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দায়িত্বহীনতার কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে। এ নিয়ে গত ৯ ফেব্রুয়ারি থেকে ছাত্রীরা অনির্দিষ্টকালের ছাত্রীধর্মঘটসহ মানববন্ধন, অবরোধ, মোতাঃ কর্মসূচি পালন করে আসলেও কোন সুরাহা হচ্ছে না। ভুক্তভোগী ছাত্রীরা ছাত্রীদের পৃষ্ঠা : ২ ক :

#### ছাত্রীদের আন্দোলনে (১৬ পৃষ্ঠার পর)

জানান, জাতীয় বিশ্ববিদ্যালয় কিংবা কলেজ কর্তৃপক্ষ এ বিষয়ে কোন পদক্ষেপ না নেয়ার ছাত্রীরা আন্দোলনমুখর হয়ে উঠে। তাদের প্রতি সংঘটিত প্রকাশ, কয়েক কলেজের ফাস্টার্স অনার্স ও ইন্টারমিডিয়েট শিক্ষার্থীরাও রাস্তা বন্ধ করে মার্চে নামে। এ নিয়ে ছাত্রীরা রাস্তা বন্ধ করে গেল এক সত্তর থেকে মানববন্ধন অবরোধ, বিক্ষোভ ডিঙ্গি, অফিস ঘেরাও কর্মসূচি পালন করছে রেজিস্ট্রেশন না হলে ছাত্রীরা আত্মহত্যা করার হুমকি দিয়েছে। তারা জানান, কলেজের অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওপর দায় চাপিয়ে কলেজকে বাঁচানোর চেষ্টা করছেন। অধ্যক্ষ ড. আবদুল লতিফ জানান, কলেজের উপাধ্যক্ষ আবদুল হালিম ও ভর্তি কমিটির আহ্বায়ক মুন্সে আলম পাকীপুত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ে আছেন। তারা বলেছেন যে কম্পিউটারে ভর্তি পরীক্ষার ফলাফলে তাদের ইংরেজি বিভাগে ১১ মার্কস নেই। ৩, ৪ মার্কস আছে সেজন্যই তাদের রেজিস্ট্রেশন হচ্ছে না।